দৈনিক ইত্তেফাক

তারিখ ... APR. 3 2000
পৃষ্ঠা ... কলাম ...

60

# ক্যাম্পাসে ছাত্রলীগ-ছাত্রদল সংঘর্ষ ॥ একজন গুলীবিদ্ধ

*ইত্তেফাক রিপোর্ট ॥ দীর্ঘ আট মাস শান্ত থাকার পর ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস আবার উত্তপ্ত হইয়া উঠিয়াছে। গতকাল বুধবার ডাকসু ভবনের সম্মুখে ছাত্রদলের সমাবেশ হইতে একজন ছাত্রনেতাকে গ্রেফতারের ঘটনাকে কেন্দ্র করিয়া ক্যাম্পাসে ছাত্রলীগ ও ছাত্রদলের সংঘর্ষকালে গুলীতে মোস্তাফিজুর রহমান নামে* (২য় পৃষ্ঠায় ৭-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে

(প্রথম পৃঃ পর)

ব্যবস্থাপনা ৪র্থ বর্ষের একজন ছাত্র আহত হয়। তাহার বাম হাতের কনুইতে গুলী লাগিয়াছে। সংঘর্ষকালে ১০/১২ রাউন্ড গুলীবর্ষণ ও ২টি হাতবোমা বিস্ফোরিত হয়। দলীয় নেতা গ্রেফতারের প্রতিবাদে বিক্ষুব্ধ ছাত্রদল কর্মীরা লেকচার থিয়েটারের নীচে ৬/৭টি প্রাইভেট কার ভাংচুর করার পর পরই সংঘর্ষের সূত্রপাত হয়।

প্রত্যক্ষদর্শীরা জানায়, গতকাল দুপুরে ক্যাম্পাসে ছাত্রদল আজকের হরতালের সমর্থনে একটি মিছিল বাহির করে। মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে ডাকসু ভবনের সম্মুখে এক সমাবেশের আয়োজন করে। সমাবেশ শুরুর পরক্ষণেই দলের সহ-সাধারণ সম্পাদক কয়েকটি মামলার আসামী সুলতান সালাহউদ্দিন টুকুকে সাদা পোশাকধারী পুলিশ টানিয়া-হেঁচড়াইয়া গাড়ীতে উঠায়। এ সময় ছাত্রদল কর্মীরা ছত্রভঙ্গ হইয়া যায়। কয়েক মিনিটের মধ্যে তাহারা আবার জমায়েত হইয়া ভিসি অফিস অভিমুখে একটি প্রতিবাদ মিছিল বাহির করে। মিছিলটি লেকচার থিয়েটারের পাশ দিয়া যাওয়ার সময় এই স্থানে রাখা শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের প্রাইভেট কারে আক্রমণ করিয়া ভাংচুর করিতে থাকিলে পুলিশ তাহাদের ধাওয়া করে। এ সময় ছাত্রদল কর্মীরা দুইটি হাতবোমা ও কয়েক রাউন্ড গুলী ছোড়ে। একই সময়ে বঙ্গবন্ধু হত্যাকান্ডের ফাঁসির রায় কার্যকর করার দাবীতে ছাত্রলীগের একটি মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ করিতেছিল। এ সময় এই মিছিল ছাড়িয়া কয়েকজন সশস্ত্র ছাত্রলীগ ক্যাডার ছাত্রদলের অবস্থানের দিকে অগ্রসর হয়। প্রথমে ক্যাডাররা ডাকসু ভবনের সম্মুখে ছাত্রদলের ২টি মাইক ভাংচুর করে। উহার পর পরই তাহারা 'ধর ধর' ধ্বনি দিয়া লেকচার থিয়েটারের পাশে ছাত্রদলের অবস্থানের দিকে গুলী ছুঁড়িতে ছুঁড়িতে ধাওয়া করে। ছাত্রদল কর্মীরা 'মল' চত্বর ও বিজনেস স্টাডিজ ভবনের দিকে দৌড়াইয়া পালায়। ক্যাডাররা বিজনেস স্টাডিজ ভবনের দিকে গুলী ছুঁড়িতে ছুঁড়িতে আগাইয়া গেলে ভবনের দুই তলায় দাঁড়ান অবস্থায় মোস্তাফিজ গুলীবিদ্ধ হয়। তাহাকে দ্রুত ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। গতকাল এই সহিংসতা চলাকালে 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষার ফলাফল নিতে আগত নবীন ছাত্র-ছাত্রীরা আতংকিত হইয়া পড়ে।

### তদন্ত কমিটি গঠন

গতকাল ক্যাম্পাসে সহিংসতার ঘটনা তদন্তে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রো-ভিসি অধ্যাপক শাহাদত আলীকে আহবায়ক করিয়া ৩ সদস্যের একটি কমিটি গঠন করিয়াছে। এই কমিটিকে প্রকৃত দোষীদের সনাক্ত করিয়া আগামী এক সপ্তাহের মধ্যে রিপোর্ট প্রদান করিতে বলা হইয়াছে। গতকাল ভিসি প্রফেসর একে আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এক জরুরী সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়। তদন্ত কমিটির অপর সদস্যদ্বয় হইলেনঃ অধ্যাপক কাজী শহীদুল্লাহ ও ডঃ একেএম নূর-উন-নবী।

### ছাত্রদলের প্রতিবাদ কর্মসূচী

ছাত্রদল গতকাল কেন্দ্রীয় কার্যালয়ে এক জরুরী সভায় ক্যাম্পাসে ছাত্রলীগের সন্ত্রাসের প্রতিবাদে আগামী সোমবার ভিসি কার্যালয়ের সম্মুখে বিক্ষোভ সমাবেশের কর্মসূচী গ্রহণ করিয়াছে। মঞ্জুর এলাহীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আমানউল্লাহ আমান, নাজিমউদ্দিন আলম, বজলুল বাসিত আঞ্জু, মনির হোসেন প্রমুখ বক্তব্য রাখেন। নেতৃবৃন্দ অবিলম্বে টুকুর মুক্তি দাবী করেন ও ক্যাম্পাসে ছাত্রলীগের সন্ত্রাসের নিন্দা করেন।

কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্রঐক্য গতকাল ক্যাম্পাসে আয়োজিত এক সমাবেশে ছাত্রদলের মিছিলে পুলিশ ও ছাত্রলীগের যৌথ হামলার নিন্দা করিয়াছে। সমাবেশে হাসান তারিক চৌধুরী সোহেল, সাব্বাহ আলী খান কলিন্স প্রমুখ বক্তব্য রাখেন।